# 2022

## POLITICAL SCIENCE — HONOURS

### Paper : CC-6

### (Comparative Govt. and Politics)

### Full Marks : 65

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি *একটি* বাক্যে) ঃ ১×১৫

(ক) তুলনামূলক রাজনীতির ক্ষেত্রে তুলনা করার যে-কোনো দুটি পদ্ধতির উল্লেখ করো।

(খ) রবার্ট মার্টনের সঙ্গে তুলনামূলক রাজনীতির কোন বিশ্লেষণধারা যুক্ত?

(গ) নয়া প্রতিষ্ঠানবাদের যে-কোনো একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঘ) ব্যবস্থাপক দৃষ্টিভঙ্গির মুখ্য প্রবক্তা কে?

(ঙ) ডাইসির 'আইনের অনুশাসন' নীতির যে-কোনো একটি নীতির উল্লেখ করো।

(চ) তুলনামূলক রাজনীতি চর্চায় কাঠামো কার্যগত দৃষ্টিভঙ্গির একটি সীমাবদ্ধতা উল্লেখ করো।

(ছ) উদারনৈতিক এবং সমাজতান্ত্রিক রাজনৈতিক ব্যবস্থার মধ্যে একটি প্রধান পার্থক্য উল্লেখ করো।

(জ) রুশ যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঝ) যুক্তরাষ্ট্রের স্বার্থগোষ্ঠীর একটি ভূমিকা লেখো।

(ঞ) রাশিয়া ও বাংলাদেশের আইন বিভাগের নাম কী?

(ট) সুইজারল্যান্ডের সাংবিধানিক ব্যবস্থায় প্রচলিত দুটি গণতান্ত্রিক পদ্ধতি কী কী?

(ঠ) ফ্রান্সের রাষ্ট্রপতি কতদিনের জন্য নির্বাচিত হন?

(ড) ব্রিটেনের বিচারব্যবস্থার সর্বোচ্চ বিচারালয়ের নাম কী?

(ঢ) যুক্তরাষ্ট্রের নাগরিকদের যে-কোনো দুটি অধিকারের উল্লেখ করো।

(ণ) চীনের রাষ্ট্রীয় পরিষদের একটি কাজ লেখো।

### মডিউল - ১

২। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও (১০০ শব্দের মধ্যে) ঃ ১০×১

(ক) তুলনামূলক শাসনব্যবস্থা ও তুলনামূলক রাজনীতির পার্থক্য নিরূপণ করো।

(খ) আমেরিকার সুপ্রিম কোর্টের বিচারবিভাগীয় সমীক্ষার উপর একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

৩। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও (৫০০ শব্দের মধ্যে) ঃ

(ক) রাজনৈতিক অর্থনীতির দৃষ্টিভঙ্গির উদ্ভব ও মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫+১০

(খ) হান্টিংটন অনুসরণে উন্নয়ন ও গণতন্ত্রিকরণের সম্পর্কের বিভিন্ন পর্যায়গুলি সমালোচনাসহ লেখো। ১৫

### মডিউল - ২

৪। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও (১০০ শব্দের মধ্যে) ঃ ১০×১

(ক) বাংলাদেশের সংবিধানের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) রাশিয়ার রাষ্ট্রপতির ক্ষমতা আলোচনা করো।

৫। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও (৫০০ শব্দের মধ্যে) ঃ ১৫×১

(ক) ব্রিটিশ ও ফরাসি ক্যাবিনেট ব্যবস্থার তুলনা করো।

(খ) আমেরিকা ও চীনের বিচারব্যবস্থার তুলনামূলক আলোচনা করো।

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

1. Answer the following questions (Each in ***a single*** sentence) : 1×15

(a) Mention any two methods of comparison in Comparative Politics.

(b) Which analytical stream of Comparative Politics is associated with Robert Merton?

(c) Mention any one feature of New Institutionalism.

(d) Who is the chief proponent of the Systems Analysis?

(e) Mention any one principle of Dicey's 'Rule of Law'.

(f) Mention one limitation of Structural Functional approach to the study of Comparative Politics.

(g) Mention one chief difference between the Liberal and Socialist political systems.

(h) Mention two features of Russian federal system.

(i) Mention a role of the interest group of the USA.

(j) What are the names of the legislature of Russia and Bangladesh?

(k) What are the two democratic methods of the Swiss Constitutional System?

(l) What is the tenure of the French President?

(m) What is the name of the highest court in the British Judicial System?

(n) Mention any two rights of the citizens of America.

(o) Write one function of the State Council in China.

## Module - 1

2. Answer *any one* question (within **100** words) : 10×1

   (a) Distinguish between Comparative Government and Comparative Politics.

   (b) Write a short note on Judicial Review of American Supreme Court.

3. Answer *any one* question (within **500** words) :

   (a) Discuss the origin and key features of the Political Economy approach. 5+10

   (b) Critically discuss, following Huntington, the different stages of relationship between development and democratization. 15

## Module - 2

4. Answer *any one* question (within **100** words) : 10×1

   (a) Discuss the important features of the Constitution of Bangladesh.

   (b) Discuss the powers of the President of Russia.

5. Answer *any one* question (within **500** words) : 15×1

   (a) Compare the cabinet systems of Britain and France.

   (b) Make a comparative study of the judicial systems of USA and the PRC.